

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ২৩. চার হাজার ও চল্লিশ হাজারের বৈপরীত্য

খ্রিষ্টান বাইবেলের ১১ ও ১২ (হিব্রু বাইবেলের ১০ ও ১১) নং পুস্তক রাজাবলি (বাদশাহনামা) প্রথম ও দ্বিতীয় খণ্ড। এর আগের পুস্তক শমূয়েল ও পরের পুস্তক বংশাবলি তিনটা পুস্তকের ৬ খণ্ড- ইহুদি রাজাগণ ও প্রাসঙ্গিক ইতিহাস বর্ণনা করা হয়েছে। অনেক বিষয়ই এ তিনটা পুস্তকের ৬ খণ্ড-র মধ্যে বারবার পুনরুল্লেখ করা হয়েছে। আমরা দেখলাম যে, কিছু বর্ণনার মধ্যে মারাত্মক বৈপরীত্য বিদ্যমান। এরূপ আরেকটা বৈপরীত্য শলোমনের অশ্বশালার বর্ণনায় চার ও চল্লিশের বৈপরীত্য!

- ১ রাজাবলির ৪/২৬ নিম্নরূপ: "শলোমনের রথের নিমিত্ত চল্লিশ সহস্র অশ্বশালা ও বার সহস্র অশ্বারোহী ছিল। (And Solomon had forty thousand stalls of horses for his chariots, and twelve thousand horsemen)"
- ২ বংশাবলির ৯/২৫ নিম্নরূপ: "শলোমনের চারি সহস্র অশ্বশালা[1] ও দ্বাদশ সহস্র অশ্বারোহী ছিল। (And Solomon had four thousand stalls for horses and chariots, and twelve thousand horsemen)"

এখানে উভয় বক্তব্যের মধ্যে ৩৬,০০০-এর পার্থক্য!

## ফুটনোট

[1] কেরির অনুবাদে প্রথম শেস্ত্রস্নালা ও দ্বিতীয় শ্লোকে ঘর লেখা হয়েছে, যদিও উভয় শেস্ত্রস্নাকেই ইংরেজীতে 'stalls of horses' বলা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13980

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন